[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]: [redacted]

[redacted]

[redacted]

[redacted]

গত ৮ সেপ্টেম্বর লেবানন সরকারের সাবেক দুই মন্ত্রীর ওপর নিষেধাজ্ঞা আরোপ করে আমেরিকা। হিজবুল্লাহর সঙ্গে দুই মন্ত্রীর সম্পর্ক রয়েছে বলে অভিযোগ ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের। লেবাননের রাজনীতি থেকে হিজবুল্লাহকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন করে ফেলার চেষ্টা করছে আমেরিকা।

যে সাবেক দুই মন্ত্রীর বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিয়েছে আমেরিকা সে ব্যাপারে হিজবুল্লাহ বলেছে, হিজবুল্লার হয়ে লেবাননের মন্ত্রিসভায় কোনো ব্যক্তি প্রতিনিধিত্ব করছেন না।

৮ সেপ্টেম্বর মার্কিন অর্থ মন্ত্রণালয় লেবাননের সাবেক অর্থমন্ত্রী আলী হাসান খলিল

এবং সাবেক পরিবহনমন্ত্রী ইউসেফ ফেনিয়ানোসের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করে। আমেরিকায় এই দুই মন্ত্রীর সম্পদ জব্দের ঘোষণার পাশাপাশি মার্কিন অর্থ মন্ত্রণালয় বলেছে, যারা তাদের সঙ্গে আর্থিক লেনদেন করবে তাদেরকে অপরাধমূলক তৎপরতার দায়ে শাস্তির আওতায় আনা হবে। সূত্র: পার্সটুডে

ট্রাম্পের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ

আগামী ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হতে যাচ্ছে প্রেসিডেন্ট নির্বাচন। এ উপলক্ষে বর্তমানে পুরোদমে চলছে প্রচারণা। এরই মধ্যেই ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে গুরুতর অভিযোগ করলেন সাবেক মডেল অ্যামি ডরিস। যুক্তরাজ্যের সংবাদপত্র দ্য গার্ডিয়ানকে সাক্ষাৎকারে তিনি বলেছেন, “১৯৯৭ সালে ট্রাম্প আমাকে জোর করে চুম্বন করেন। ঘটনাটা ঘটেছিল নিউ ইয়র্কে ইউএস ওপেন টেনিস চ্যাম্পিয়ানশিপ চলার সময় ভিআইপি বক্সে।”

ডরিস বলেছেন, “ট্রাম্প আমায় চেপে ধরেন। তারপর জোর করে তার জিহ্বা আমার মুখের ভিতরে ঢুকিয়ে দেন। ট্রাম্প এত জোরে চেপে ধরেছিলেন যে আমি ছাড়াতে পারছিলাম না। তার হাত আমার স্তন,

পশ্চাৎদেশ সহ শরীরের সব জায়গা স্পর্শ করছিল। আমি বারবার তাকে থামতে বলেছিলাম, কিন্তু তিনি থামেননি।”

ডরিসের দাবি, “আমি সে সময় অনেককেই এই ঘটনার কথা বলেছিলাম। তাদেরকে জিজ্ঞাসা করে দেখতে পারেন।”
যখন এই ঘটনা ঘটেছিল, তখন অ্যামি ডরিসের বয়স ছিল ২৪ বছর। আর ট্রাম্পের ৫১। তিনি তখন দ্বিতীয় বিয়ে করেছেন।

ডরিস এই সাক্ষাৎকার গার্ডিয়ানকে দিয়েছিলেন এক বছর আগে। তার অনুরোধ ছিল, তখন তা যেন ছাপা না হয়। তিনি বলেছেন, ট্রাম্প এই কাজ করার পরও ছাড়া পেয়ে গেছেন দেখে আমার খুব খারাপ লাগে।

ট্রাম্পের আইনজীবী গার্ডিয়ানকে জানিয়েছেন, ডরিস যা বলছেন তা একেবারেই বিশ্বাসযোগ্য নয়। এরকম ঘটনা ঘটলে তার তো সাক্ষী থাকবে। আগমী ৩ নভেম্বর প্রেসিডেন্ট নির্বাচন। তার আগে এই ধরনের অভিযোগ পুরোপুরি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত।

ট্রাম্পের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ নতুন নয়। এর আগেও একগুচ্ছ অভিযোগ এসেছিল। আমেরিকার কলামনিস্ট ই ক্যারল অভিযোগ করেছিলেন, ট্রাম্প তাকে একটি ডিপার্টমেন্টাল স্টোরের ট্রায়াল রুমে ধর্ষণ করেছিলেন। ২০১৬ সালের নির্বাচনের আগে ট্রাম্পের একটা ভিডিও ক্লিপ ভাইরাল হয়। সেখানে তিনি বলেছিলেন, তার খ্যাতি এতটাই বেশি যে, চাইলে যেকোনও মেয়েকে ধরে তার যৌনাঙ্গে হাত দিতে পারেন। ট্রাম্প প্রথমে এটাকে ‘লকার রুম ব্যান্টার’ বলে উড়িয়ে দিয়েও পরে ক্ষমা চেয়েছিলেন।

তবে প্রশ্ন হল, ডরিস এতদিন পরে কেন এই অভিযোগ করলেন? তার বক্তব্য, “এই ধরনের ঘটনা কারো সঙ্গে ঘটলে সে তখন আতঙ্কে স্তব্ধ হয়ে যায়। আমিও হয়েছিলাম। এখন আমার দুই মেয়ের কাছে রোল মডেল হতে চাই। তাই বলছি।” সূত্র: দ্য গার্ডিয়ান, ডয়েচে ভেলে

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] `The Human Capital Index 2020 Update : Human Capital in the Time of COVID-19´ [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

পয়েন্ট নিয়ে ভুটান ৫৪তম, একই পয়েন্ট নিয়ে মিয়ানমার ৫৫তম, ৪৯ পয়েন্ট নিয়ে ভারত ৫৯তম, ৫০ পয়েন্ট নিয়ে নেপাল ৬৬তম।

সূত্র- কালের কন্ঠ

ভারতীয় সেনাদের মন ভাঙতে সীমান্তে লাউডস্পিকারে গান বাজাচ্ছে চীন

গত কয়েক মাস ধরে লাদাখে চীনের সঙ্গে সীমান্ত নিয়ে সংঘাত চলছে ভারতের। এবার সেই লাদাখেই লাউডস্পিকার দিয়ে ভারতীয় সেনাদের পাঞ্জাবি গান শোনাচ্ছে চীনের সেনারা। খবর হিন্দুস্তান টাইমস ও জিনিউজের।

বলা হচ্ছে, ভারতীয় সেনাদের মনোবল ভাঙতেই চীনের পক্ষ থেকে এমনটি করা হচ্ছে। ভারতে এক সাবেক সেনাপ্রধানের জানায়, ষাটের দশকেও এমন পন্থা অবলম্বন করেছিল চীন। এদিকে, ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, কোনো ভাবেই চীনের সঙ্গে খারাপ সম্পর্ক চাইছে না তারা।

লাদাখের গালওয়ান উপত্যকায় গত ১৫ জুন চীন ও ভারতীয় সেনাদের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ হয়। ওই ঘটনায় ভারতের ২০ জন সেনা নিহত হয়। এরপরেও লাদাখ সীমান্তে ভারতীয় সেনাদের সঙ্গে চীনের সেনাদের একাধিক বার সংঘর্ষ হয়েছে।
বিডি-প্রতিদিন

নিজেসহ ৫০০ কর্মকর্তাকে বেতনছাড়া ছুটি নেওয়ার নির্দেশ নিউইয়র্ক মেয়রের

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের মেয়র বিল ডি ব্লাসিও নিজেকে এবং প্রায় ৫০০ কর্মচারীকে এক সপ্তাহের জন্য বেতনছাড়া ছুটি দিয়েছেন। মহামারী করোনাভাইরাসের কারণে যে বাজেট ঘাটতি তৈরি হয়েছে তা পূরণে তিনি এ ব্যতিক্রমী পদক্ষেপ নিয়েছেন।

সিটি হলে মেয়রের অফিসের সবাই অক্টোবর থেকে ২০২১ সালের মার্চের মধ্যে নির্দিষ্ট সময়ে এক সপ্তাহ বেতনছাড়া ছুটিতে থাকবেন। বুধবার এ ঘোষণা দেওয়া হয়েছে।

নিউ ইয়র্ক টাইমস জানিয়েছে, এতে ভুক্তভোগী হবেন মোট ৪৯৫ কর্মচারী।
মহামারী করোনাভাইরাসের কারণে অর্থনৈতিক অচলাবস্থা চলতে থাকায় ৯ বিলিয়ন ডলার রাজস্ব হারিয়েছে নগর কর্তৃপক্ষ। এতে বার্ষিক বাজেটের ৭ বিলিয়ন ডলার কর্তন করতে হয়েছে।

মেয়র ডি ব্লাসিও বলেছেন, সপ্তাহ দীর্ঘ বেতন ছাড়া ছুটির কারণে ১ মিলিয়ন ডলার বাঁচবে। আমি হালকাভাবে এ সিদ্ধান্ত নিইনি। যারা ভুক্তভোগী হবেন তাদের এবং তাদের পরিবারের জন্য এ সিদ্ধান্ত কষ্টদায়ক। কিন্তু ইতিহাসের এই মুহূর্তে এটাই সঠিক সিদ্ধান্ত।

বেতন ছাড়া ছুটি যাওয়ার সিদ্ধান্তের পাশাপাশি এ বছর মেয়রের কার্যালয়ের বাজের আকারও ছোট হচ্ছে, যা আগের বাজেটের তুলনায় ১২ শতাংশ কম।

সূত্র: স্কাই নিউজ

দাবানলের কারণ বিজ্ঞান জানে না: ট্রাম্প

দাবানলের ভয়াবহ আগুনে পুড়ছে ক্যালিফোর্নিয়া। চলছে নানা সমোলোচনা-বিতর্ক। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবার দাবানল বিতর্কের আগুনে আরও হাওয়া দিলেন। সোমবার সেখানে পৌঁছেই জলবায়ু পরিবর্তনের সঙ্গে দাবানলের সংশ্লিষ্টতা নিয়ে তিনি বলেন, ‘আমি মনে করি না বিজ্ঞান জানে। দ্রুত সবকিছু ঠাণ্ডা হয়ে আসবে, আপনারা দেখবেন।’

তার মতে দাবানলের পেছনে মূলত দায়ী বনভূমি কম থাকা। একই দিনে ডেলওয়্যার রাজ্যের এক প্রচারণায় ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন বলেন, ‘দেশটিতে একের পর এক দাবানলের সব দায় ট্রাম্পের। ট্রাম্প যতদিন ক্ষমতায় থাকবেন ততদিন যুক্তরাষ্ট্রের আরও এলাকা পুড়তে থাকবে।’

ক্যালিফোর্নিয়ার ম্যাককেল্লান বিমানবন্দরে পৌঁছেই সংবাদ সম্মেলন করেন ট্রাম্প। দাবানলের পেছনে জলবায়ু পরিবর্তনের ভূমিকা আছে কিনা, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে ট্রাম্প আরও বলেন, ‘আমি মনে করি, এখানে ব্যবস্থাপনাগত সমস্যাই বেশি।’

ইউরোপের দক্ষিণাঞ্চল থেকে নিয়ে অস্ট্রেলিয়া ও অন্যান্য এলাকার দাবানলের প্রসঙ্গ টেনে ট্রাম্প বলেন, অন্যান্য দেশের যুক্তরাষ্ট্রের মতো সমস্যা নেই। তাদের অনেক বিস্ফোরকপ্রবণ গাছ থাকাতে দ্রুত আগুন ধরে যায়।

ট্রাম্প বলেন, জলবায়ু পরিবর্তনের কথা যখন আসে তখন দেখুন ভারত কি তাদের পদ্ধতি বদল করেছে? রাশিয়া বা চীন করেছে?

উল্লেখ্য, জলবায়ু পরিবর্তন ও এর প্রভাবে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি নিয়ে ক্ষমতায় আসার আগ থেকেই সমালোচনামুখর ট্রাম্প।

সূত্র: বিবিসি।

লিবিয়া উপকূলে নৌকাডুবি, ২৪ জনের মৃত্যু

জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা আইওএম জানিয়েছে, ভূমধ্যসাগরের লিবিয়া উপকূলে রাবারের নৌকা ডুবে কমপক্ষে ২৪ অভিবাসন প্রত্যাশীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার এ তথ্য জানিয়েছে তুরস্কভিত্তিক গণমাধ্যম আনাদোলু।

আইওএম এর মুখপাত্র সাফা সেহলি জানান, লিবিয়া থেকে অবৈধভাবে ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার সময় অভিবাসন প্রত্যাশীদের রাবারের তিনটি নৌকার একটু ডুবে যায়।

এসময় লিবিয়ার কোস্ট গার্ড ৪৫ জনকে উদ্ধার করে বলে জানায় আইওএম এর ওই মুখপাত্র।

আফ্রিকা ও লিবিয়া থেকে অভিবাসীদের বেশিরভাগেরই পছন্দের রুট হলো ভূমধ্যসাগর। এসব অভিবাসন প্রত্যাশীরা ইতালি এবং মাল্টা হয়ে ইউরোপে প্রবেশের চেষ্টা করেন।

আবরার হত্যা: আসামিদের বিচার শুরু আজ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্র আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা মামলায় ২৫ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠনের দিন আজ মঙ্গলবার। এর মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে এই মামলার বিচার শুরু হবে।
ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল ১-এর বিচারক আবু জাফর মো. কামরুজ্জামানের আদালতে আজ বিচার শুরু হবে। আদালতে রাষ্ট্রপক্ষের পাবলিক প্রসিকিউটর আবদুল্লাহ আবু এ তথ্য নিশ্চিত করেছেন।

পাবলিক প্রসিকিউটর বলেন, গত ৯ সেপ্টেম্বর অভিযোগ গঠন বিষয়ে রাষ্ট্রপক্ষ ও গ্রেফতার ২২ আসামির শুনানি শেষ হয়েছে। ওই দিন

শুনানি শেষে আদালত অভিযোগ গঠনের বিষয়ে আদেশের জন্য আজ দিন ধার্য করেন।

এর আগে ১৩ জানুয়ারি মামলাটি ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বিচারের জন্য ঢাকা মহানগর দায়রা জজ আদালতে বদলির আদেশ দেন। এর পর মহানগর দায়রা জজ আদালত দ্রুতবিচার ট্রাইব্যুনাল-১ পাঠানোর আদেশ দেন।

প্রসঙ্গত গত বছরের ৬ অক্টোবর রাতে বুয়েটছাত্র আবরারকে তার কক্ষ থেকে ডেকে নিয়ে যায় বুয়েট শাখা ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মী। তারা ২০১১ নম্বর কক্ষে নিয়ে গিয়ে আবরারকে পিটিয়ে হত্যা করে। পরে রাত ৩টার দিকে শেরেবাংলা হলের সিঁড়ি থেকে তার লাশ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় গত ৭ অক্টোবর রাজধানীর চকবাজার থানায় আবরারের বাবা বরকত উল্লাহ বাদী হয়ে ১৯ জনকে আসামি করে হত্যা মামলা করেন। পুলিশ পরে ২২ জনকে গ্রেফতার করে। এর মধ্যে আটজন আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। তারা সবাই বুয়েট ছাত্রলীগের নেতাকর্মী।
আবরার বুয়েটের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন। তিনি শেরেবাংলা হলের ১০১১ নম্বর কক্ষে থাকতেন।

গত বছরের ১৩ নভেম্বর গোয়েন্দা পুলিশের (ডিবি) পরিদর্শক ও মামলার তদন্ত কর্মকর্তা ওয়াহিদুজ্জামান ২৫ জনকে অভিযুক্ত করে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে অভিযোগপত্র জমা দেন। এজাহারভুক্ত ১৯ জনের মধ্যে ১৭ জন এবং এজাহারের বাইরে থাকা ৬ জনের মধ্যে ৫ জনসহ মোট ২২ আসামিকে গ্রেফতার করা হয়েছে। পলাতক রয়েছে তিনজন।
এজাহারভুক্ত আসামিরা হলো– মেহেদী হাসান রাসেল, অনিক সরকার, ইফতি মোশাররফ সকাল, মেহেদী হাসান রবিন, মেফতাহুল ইসলাম জিওন, মুনতাসির আলম জেমি, খন্দকার তাবাখখারুল ইসলাম তানভির, মুজাহিদুর রহমান, মুহতাসিম ফুয়াদ, মনিরুজ্জামান মনির, আকাশ হোসেন, হোসেন মোহাম্মদ তোহা, মাজেদুল ইসলাম, শামীম বিল্লাহ, মোয়াজ আবু হুরায়রা, এএসএম নাজমুস সাদাত, মোর্শেদুজ্জামান জিসান ও এহতেশামুল রাব্বি তানিম।
এজাহারবহির্ভূত ৬ জন হলো– ইশতিয়াক আহমেদ মুন্না, অমিত সাহা, মিজানুর রহমান ওরফে মিজান, শামসুল আরেফিন রাফাত, এসএম মাহমুদ সেতু ও মোস্তবা রাফিদ।
পলাতক তিন আসামি হলো– মোর্শেদুজ্জামান জিসান, এহতেশামুল রাব্বি

তানিম ও মোস্তবা রাফিদ। তাদের মধ্যে প্রথম দুজন এজাহারভুক্ত। সুত্র-যুগান্তর

নেপালে ভূমিধসে নিহত ১২

টানা ভারী বর্ষণে সৃষ্ট ভয়াবহ ভূমিধসে নেপালে অন্তত ১২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় নিখোঁজ রয়েছেন আরও অন্তত ২১ জন।

নেপাল সরকারের জরুরি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মুরারি ওয়াস্তি এ তথ্য নিশ্চিত করেছেন। খবর নিউইয়র্ক টাইমস ও আলজাজিরার।

রাজধানী কাঠমান্ডু থেকে ১০০ কিলোমিটার পূর্বাঞ্চলীয় জেলা বরাহবিসেতে ১০ জন এবং উত্তর-পশ্চিমাঞ্চলীয় বাগলুঙ্গে দুজন ভূমিধসে মারা গেছেন।

ওয়াস্তি বলেন, রোববার খুব ভোরে ওই দুই স্থানে ভূমিধসের এ ঘটনা ঘটে। ঘুমিয়ে থাকার কারণে গ্রামবাসীদের অনেকে নিরাপদে সরে যাওয়ার সুযোগ পাননি। নিখোঁজ ব্যক্তিদের উদ্ধারে অভিযান অব্যাহত আছে।

এ নিয়ে নেপালে এবার বর্ষা মৌসুমে ভূমিধস ও বন্যায় ৩১৪ জনের প্রাণহানি ঘটল। এখন পর্যন্ত নিখোঁজ রয়েছেন অন্তত ১১১ জন। আহত হয়েছেন ১৬০ জন। সূত্র-যুগান্তর